

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪৬৩৮

কৈলাসহর, ২০, জানুয়ারি, ২০২৪

কৈলাসহর মহকুমাভিত্তিক ৪৬ তম কক্ষবরক সাল উদযাপিত

কৈলাসহরের ভগৎ সিং হলে মহকুমাভিত্তিক ৪৬ তম কক্ষবরক সাল গতকাল উদযাপন করা হয়। অনুষ্ঠানের উদ্বোধন করেন কৈলাসহর পুর পরিষদের চেয়ারপার্সন চপলা দেবরায়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কৈলাসহর মহকুমা শাসক প্রদীপ সরকার, জেলা কল্যাণ আধিকারিক বাদল রায়, অতিরিক্ত মহকুমা শাসক নব কুমার জয়তিয়া, বিশিষ্ট সমাজসেবী কর্তিক দেববর্মা প্রমুখ। অনুষ্ঠানে উপস্থিত অতিথিগণ কক্ষবরক দিবসের তাৎপর্য তুলে ধরে বক্তব্য রাখেন। স্বাগত বক্তব্য রাখেন মহকুমা কল্যাণ আধিকারিক মতি রঞ্জন দেববর্মা। সভাপতিত্ব করেন রামকৃষ্ণ শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান শিক্ষক অসীম চক্রবর্তী। অনুষ্ঠানে পরিবেশিত হয় সংগীত ও নৃত্য। অনুষ্ঠানের শুরুতে ভগিনী নিবেদিতা এইচ এস স্কুল থেকে এক বর্ণাত্য র্যালি শহরের বিভিন্ন পথ পরিক্রমা করে।

\*\*\*\*\*